

পরীক্ষায় অসদুপায়, নোবিপ্রবিতে ১০ শিক্ষার্থীকে শাস্তি

নোবিপ্রবি প্রতিনিধি



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) পরীক্ষায়

অসদুপায় অবলম্বনের অভিযোগে ১০ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে

শাস্তি প্রদান করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিশ্ববিদ্যালয়ের

শৃঙ্খলা কমিটির তৃতীয় (৩য়) সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

গতকাল মঙ্গলবার (১ জুলাই) রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখা

থেকে জারি করা এক অফিস আদেশ এ তথ্য জানা যায়।

অভিযুক্ত শিক্ষার্থীদের বিরুদ্ধে পরীক্ষার হলে বই, ছোট কাগজ

(চিরকুট), বা অন্যান্য নিষিদ্ধ উপকরণ বহনের অভিযোগ প্রমাণিত

হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ডিসিপ্লিনারি রূলস অনুযায়ী এসব শিক্ষার্থীকে

বিভিন্ন মেয়াদে শাস্তির আওতায় আনা হয়েছে।

শাস্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন—ফলিত গণিত বিভাগের ২০১৯-২০

সেশনের মো. তৌহিদুল হক (দুই বছরের জন্য বহিকার),

পরিসংখ্যান বিভাগের ২০১৮-১৯ সেশনের মুনতাসির মামুন

শিশির ও ফারিয়া আহমেদ (প্রত্যেকে ছয় মাসের জন্য বহিকার),

২০২০-২১ সেশনের মুমতাহিনা সামারা (ছয় মাসের জন্য

বহিকার), রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ২০২১-২২ সেশনের ইসরাত

জাহান রূপা (ছয় মাসের জন্য বহিকার), সমাজকর্ম বিভাগের

২০২২-২৩ সেশনের মারজিয়া আলম ও আল ইমরান (প্রত্যেকে

ছয় মাসের জন্য বহিকার), এ ছাড়া সমাজকর্ম বিভাগের মো.

শাহিদুল ইসলাম সুমন, ফারহানা সুলতানা এবং ২০২১-২২

সেশনের নুজহাত তাবাসসুম সাদিয়া—এই তিনজনের চলমান

সেমিস্টারের পরবর্তী সব পরীক্ষার অনুমোদন বাতিল করা হয়েছে।